**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নম্বর-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৬.২৫-৪৬৩

তারিখ: ১৫ পৌষ ১৪৩২ / ৩০ ডিসেম্বর ২০২৫

**বিষয়: আসন্ন গণভোট ও ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে প্যানেলভুক্ত ভোটগ্রহণ কর্মকর্তাদের প্যানেলভুক্তির বিষয়টি অবহিতকরণ এবং আইটি সাপোর্টেড পোস্টাল ব্যালটে ভোট প্রদানের নিমিত্ত রেজিস্ট্রেশন সংক্রান্ত**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠেয় গণভোট ও ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে বিদেশে অবস্থানরত বাংলাদেশী ভোটার, দেশের অভ্যন্তরে কর্মরত সরকারি কর্মকর্তা/কর্মচারী, নির্বাচনি দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারী ও আইনি হেফাজতে আটক ব্যক্তিদেরকে আইটি সাপোর্টেড পোস্টাল ব্যালটে ভোট প্রদানের নিমিত্ত রেজিস্ট্রেশন কার্যক্রম আগামী **০৫ জানুয়ারি ২০২৬** তারিখ পর্যন্ত চলমান থাকবে। উল্লিখিত সময়সীমার মধ্যে ইতোমধ্যে প্রস্তুতকৃত ভোটগ্রহণ কর্মকর্তাদের প্যানেলভুক্ত সকল কর্মকর্তা/কর্মচারীকে আইটি সাপোর্টেড পোস্টাল ব্যালটে ভোট প্রদানের নিমিত্ত রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে হবে। এ ব্যাপারে প্যানেলভুক্ত ভোটগ্রহণ কর্মকর্তাদের উদ্বুদ্ধ করার জন্য প্রয়োজনীয় প্রচারের ব্যবস্থা করতে হবে।

০২। প্রসঙ্গক্রমে উল্লেখ্য যে, গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ৯(১খ) এ নিম্নরূপ বিধান রয়েছে:

> "(১ক) প্যানেল প্রস্তুত হইবার পর, রিটার্নিং অফিসার উহার একটি অনুলিপি যে সকল অফিস, প্রতিষ্ঠান ও সংস্থার কর্মকর্তা ও কর্মচারীগণ উক্ত তালিকায় অন্তর্ভুক্ত হইয়াছেন তাহাদের প্রধানগণের নিকট উক্ত কর্মকর্তা ও কর্মচারীগণকে নির্বাচনকার্যে নিয়োজিত করিবার জন্য তাহাদের চাকরি কমিশনের নিয়ন্ত্রণে ন্যস্ত করিবার অনুরোধসহ প্রেরণ করিবেন এবং প্যানেলের একটি অনুলিপি কমিশনের নিকটও প্রেরণ করিবেন।"

০৩। বর্ণিতাবস্থায়, গণভোট ও ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে প্যানেলে অন্তর্ভুক্ত ভোটগ্রহণ কর্মকর্তাদের সংশ্লিষ্ট অফিস/প্রতিষ্ঠান/সংস্থার প্রধানদের অবহিতকরণ এবং নির্ধারিত সময়ের মধ্যে আইটি সাপোর্টেড পোস্টাল ব্যালটে ভোট প্রদানের নিমিত্ত রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্নের নিমিত্ত যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোহাম্মদ মনির হোসেন)
উপসচিব
নির্বাচন পরিচালনা-০২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)

১. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম ও রিটার্নিং অফিসার
২. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা/চট্টগ্রাম/খুলনা ও রিটার্নিং অফিসার
৩. জেলা প্রশাসক (সকল) ও রিটার্নিং অফিসার

নম্বর-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৬.২৫-৪৬৩

তারিখ: ১৫ পৌষ ১৪৩২ / ৩০ ডিসেম্বর ২০২৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা
৩. সিনিয়র সচিব, ............................................................. মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৪. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. সচিব, ............................................................. মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৭. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাব/কোস্টগার্ড/এনটিএমসি/ডিজিএফআই/এনএসআই, ঢাকা
৮. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

f:\ashraf pc doc\new volume\election\all letter\bibdh letter.doc

অফিসের ঠিকানা ঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড়, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগ ঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইল ঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেস ঃ www.ecs.gov.bd

১০. পুলিশ কমিশনার, মেট্রোপলিটন পুলিশ (সকল)
১১. উপমহাপুলিশ পরিদর্শক, (সকল রেঞ্জ)
১২. প্রকল্প পরিচালক, আইডিইএ (২য় পর্যায়) প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৪. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৫. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]
১৬. পুলিশ সুপার (সকল)
১৭. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি এবং ব্যাপক প্রচারের জন্য অনুরোধসহ]
১৮. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৯. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ................................................ এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২০. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৩০/১২/২০২৫

( মোঃ শহিদুল ইসলাম )
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা
ফোন: ০২-৫৫০০৭৬১০ (অফিস)
Email: sasemc1@gmail.com